দৈনিক ইনকিলাব

তারিখ APR. 8 1999
পৃষ্ঠা ... কলাম ...

53

শিক্ষকদের মৌন মিছিল

# ইসলামী ভার্সিটিতে দলীয়করণের কারণে পরিস্থিতির আরো অবনতি

**ইঃ বিঃ রিপোর্টার ঃ** চলতি বছরের ডাইরীকে কেন্দ্র করে চলমান আন্দোলনের কারণে ইসলামী বিশ্ববিদ্যালয় আবারো উত্তপ্ত হয়ে উঠেছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনড় অবস্থান, ছাত্র দলের কর্মসূচী এবং গতকাল (বুধবার) ইঃ বিঃ শিক্ষক সমিতির মৌন মিছিলের ফলে সার্বিক পরিস্থিতির আরও অবনতি হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে ইঃ বিঃ শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোঃ মোশাররফ হোসেনের সভাপতিত্বে গতকাল শিক্ষক লাউঞ্জে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তাগণ বর্তমান অস্থিতিশীল পরিবেশের জন্য ভাইস চ্যান্সেলরকে দায়ী করেন। বক্তাগণ বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের দলীয়করণের হীন মানসিকতার কারণে ডাইরী থেকে লক্ষ্য উদ্দেশ্য ও প্রতিষ্ঠাতা জিয়ার নাম বাদ দেয়া হয়েছে। যার ফলে ক্যাম্পাসে অস্থিতিশীল পরিবেশ বিরাজ করছে এবং সবাই নিরাপত্তাহনীতায় ভুগছে। সভার সিদ্ধান্ত অনুসারে ভিসি প্রফেসর মোঃ কায়েস উদ্দিনের নিকট শিক্ষক সমিতি ২ দফা সম্বলিত এক স্মারকলিপি দিয়েছে। স্মারকলিপিতে ক্যাম্পাসে অনুকূল পরিবেশ না থাকায় শিক্ষক সমিতি ভর্তি পরীক্ষার তারিখ পুনঃ নির্ধারণ করার দাবী জানিয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে অধিকাংশ ভর্তি পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না বিধায় শিক্ষকবৃন্দ ভর্তি পরীক্ষায় পরিদর্শকের দায়িত্ব পালন করতে ব্যর্থ হবেন বলে আশংকা প্রকাশ করেছে। শিক্ষক সমিতি মূল সমস্যার সমাধান করে শিক্ষা কার্যক্রম শুরু করার জোর দাবী জানিয়েছেন। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার দাবীতে শিক্ষক সমিতি ক্যাম্পাসে এবং বিকেলে কুষ্টিয়া শহরে মৌন মিছিল বের করে। শতাধিক শিক্ষক মিছিলে অংশগ্রহণ করেন।